স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ
Student Support Services Division

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University

বাউবি/এসএসএস/এমডিএমআর/রেজি:/২৮(৪)/২০১৮/৬৭২

তারিখ ঃ ০৯ অগ্রহায়ন ১৪৩৩ / ২৪ নভেম্বর ২০২৬

আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক কেন্দ্র ঃ ঢাকা
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বিষয় ঃ বাউবি'র Master of Disability Management and Rehabilitation (MDMR) প্রোগ্রাম ২০২৬ শিক্ষাবর্ষের ২৭১ টার্ম ২য় বর্ষ ১ম সিমেস্টারের রেজিস্ট্রেশন ও ক্লাশ শুরুর তারিখ নির্ধারণ প্রসঙ্গে।
সূত্র ঃ বাউবি/এসএসটি/এমডিএমআর/১৪৬/১৭/৮২; তারিখ: ১১/১১/২০২৬।

মহোদয়,
উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি'র স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি (এসএসটি) পরিচালিত **Master of Disability Management and Rehabilitation (MDMR)** প্রোগ্রাম ২০২৬ শিক্ষাবর্ষের ২৭১ টার্ম ২য় বর্ষ ১ম সিমেস্টারের রেজিস্ট্রেশন ও ক্লাশ শুরুর তারিখ নির্ধারণের বিষয়টি অনুমোদিত হয়েছে। কোর্স রেজিস্ট্রেশনের সময়সীমা নিম্নরূপ ঃ

২০২৬ শিক্ষাবর্ষের ২৭১ টার্ম ২য় বর্ষ ১ম সিমেস্টারের রেজিস্ট্রেশনের জন্য ফি সমূহ:

রেজিস্ট্রেশনের তারিখ	রেজিস্ট্রেশনের ওয়েবসাইট	রেজিস্ট্রেশনের প্রয়োজনীয় ফি'সমূহ	টাকা	ক্লাশ শুরু
০১/১২/২০২৬ থেকে ৩১/০১/২০২৭ তারিখ পর্যন্ত	https:/osapsnew.bou.ac.bd	(ক) কোর্স রেজিস্ট্রেশন ফি (প্রতি ক্রেডিট ১০৫০/-×৪×৫)/-	২১,০০০/-	০৮/০১/২০২৭
		(খ) সেমিস্টার রেজিস্ট্রেশন ফি	১,০০০/-	
		(গ) একাডেমিক ক্যালেন্ডার ফি	৫০/-	
		(ঘ) পরীক্ষার ফি (প্রতি কোর্স ৫২৫/-) ৫×৫২৫/-	২,৬২৫/-	
		(ঙ) সেমিস্টার মার্কসিট	১০০/-	
	সর্বোমোট =	(ক+খ+গ+ঘ+ঙ) (চব্বিশ হাজার সাতশত পঁচাত্তর) ২৪,৭৭৫/- টাকা।		

অনলাইন রেজিস্ট্রেশন প্রক্রিয়া ঃ

- কোর্স রেজিস্ট্রেশন করার জন্য শিক্ষার্থীগণ **https:/osapsnew.bou.ac.bd**-তে **User ID and Password** দিয়ে লগইন করার পর **Corse Registration** বাটন প্রদর্শিত হবে।
- **Proceed to Payment** বাটনে ক্লিক করার পর প্রদর্শিত Online Payment Gateway সমূহ থেকে যে কোনো একটি'র মাধ্যমে ফি জমা দেয়া যাবে। সফলভাবে ফি জমাদান শেষে "Payment has been completed successfully!" মেসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ই-মেইলের মাধ্যমে অবহিত করা হবে। আনুষঙ্গিক চার্জ ও ব্যাংক চার্জ শিক্ষার্থীকে বহন করতে হবে।
- সঠিকভাবে **Corse Registration** এর কাজ সম্পন্ন করার পর Profile এবং Payment Slip সমূহ Download করে প্রিন্ট করে পরবর্তী কার্যার্থে সংরক্ষণ করতে হবে।
- প্রয়োজনে আপনার যে কোনো পরামর্শ/অভিযোগের জন্য OSAPSNEW -এর হেল্পলাইন নম্বরে কল করতে পারেন। OSAPSNEW-এর হেল্পলাইন নম্বর: ০১৬৩৫-৮৩২৮৪৫, ০১৯০৭-৪৫১৬১২ (সকাল ৮:৩০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত, সোমবার থেকে শুক্রবার)।

এখানে উল্লেখ্য যে, পূর্ববর্তী শিক্ষাবর্ষের শিক্ষার্থীবৃন্দ যারা **OSAPS**-এর মাধ্যমে ভর্তি হননি, তারা ২য় বর্ষ ১ম সেমিস্টারের রেজিস্ট্রেশন ফি নিম্নোক্ত প্রক্রিয়ার জমা দিতে পারবেন।

রেজিস্ট্রেশনের তারিখ	ব্যাংকের নাম ও ঠিকানা	রেজিস্ট্রেশনের প্রয়োজনীয় ফি	রেজিস্ট্রেশনের স্থান
০১/১২/২০২৬ থেকে ৩১/০১/২০২৭ তারিখ পর্যন্ত	জনতা ব্যাংক লিমিটেড, এসএনডি (অন-লাইন) Online A/C SND: 09030320000519	২৪,৭৭৫/- (চব্বিশ হাজার সাতশত পঁচাত্তর টাকা মাত্র)	রেজিস্ট্রেশন চলাকালিন শিক্ষার্থী আইডি কার্ডের ফটোকপি ও ফি জমাদানের ব্যাংক রশিদ বাউবি'র ঢাকা আঞ্চলিক কেন্দ্রে (শনিবার, রবিবার ও সরকারী ছুটির দিন ব্যতিত) জমা দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ
Student Support Services Division

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University



বাউবি/এসএসএস/এমডিএমআর/রেজি:/২৮(৪)/২০১৮/৬৭৯

তারিখ ঃ ০৯ অগ্রহায়ন ১৪৩৩ / ২৪ নভেম্বর ২০২৬

❖ নির্ধারিত তারিখের মধ্যে (০১/১২/২০২৬ থেকে ৩১/০১/২০২৭ পর্যন্ত) রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পর কোনো রেজিষ্ট্রেশন গ্রহণযোগ্য নয় এবং রেজিস্ট্রেশন করতে ব্যর্থ শিক্ষার্থীবৃন্দ ২য় বর্ষ ১ম সেমিস্টারের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

অতএব, এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং..... ২৮৩২.....
তারিখ..... ২৬/১১/২৬
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/
প্রোগ্রামার/ASANA
সিনিয়র সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME
সিনিয়র প্রোগ্রামার/AHME

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২৪.১১.২০২৬

দিলরুবা আফরোজ
যুগ্ম-পরিচালক
এসএসএস বিভাগ

অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১. রেজিস্ট্রার, বাউবি। বিষয়টি একডেমিক কাউন্সিলে রির্পোট করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
২. ডিন, এসএসটি, বাউবি।
৩. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি। বিষয়টি বাউবি'র ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
৪. আইসিটি হেড, আইসটি ইউনিট, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবি। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. সংরক্ষণ নথি।